

## ঢাকা রুটে যুক্ত হচ্ছে থাই এয়ারওয়েজের নতুন এ৩২১নিও

- A Monitor Desk Report

Date: 20 January, 2026



ঢাকাঃ থাই এয়ারওয়েজ ইন্টারন্যাশনাল তাদের বহরে যুক্ত হওয়া নতুন প্রজন্মের এয়ারবাস এ৩২১নিও উড়োজাহাজ আনুষ্ঠানিকভাবে উন্মোচন করেছে।

ব্যাংককের সুবর্ণভূমি আন্তর্জাতিক বিমানবন্দরে আয়োজিত এক অনুষ্ঠানে উড়োজাহাজটি প্রদর্শন করা হয়। ২০২৬ সালের গ্রীষ্ম মৌসুমে এই নতুন এ৩২১নিও ঢাকাগামী ফ্লাইটে যুক্ত হবে।

স্বল্প ও মধ্যপাল্লার রুটে পরিচালনার জন্য থাই এয়ারওয়েজের বহর আধুনিকায়ন কর্মসূচির অংশ হিসেবে যুক্ত হওয়া এই এ৩২১নিও তে যাত্রী আরাম, জ্বালানি দক্ষতা ও পরিবেশবান্ধব প্রযুক্তির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। নতুন উড়োজাহাজটি আগের প্রজন্মের তুলনায় কম জ্বালানি ব্যবহার করে, কম কার্বন নিঃসরণ করে ও শব্দদূষণও কম তৈরি হয়।

উড়োজাহাজটির বহির্ভাগে থাই কনটেম্পোরারি কনসেপ্ট থেকে অনুপ্রাণিত বিশেষ এ৩২১নিও লোগো ও হালনাগাদ লিভারি ব্যবহার করা হয়েছে। কেবিনের ভেতরে রয়েছে ১৬টি রয়্যাল সিঙ্ক ক্লাস ফ্ল্যাট-বেড আসন এবং ১৫৯টি ইকোনমি ক্লাস আসন। উভয় শ্রেণির আসনেই বড় টাচস্ক্রিন, ইনফ্লাইট এন্টারটেইনমেন্ট ডিসপ্লে সংযুক্ত করা হয়েছে।

যাত্রীদের জন্য আরও উন্নত 4K ইনফ্লাইট এন্টারটেইনমেন্ট সিস্টেম ও উচ্চগতির ইন্টারনেট সুবিধা যুক্ত করা হচ্ছে, যা এসইএস ওপেন অরবিটস নেটওয়ার্কের মাধ্যমে ২০২৬ সালের শুরুর থেকে চালু হবে।

‘বোভনরাংসি’ নামের প্রথম এ৩২১নিও উড়োজাহাজটি ২০২৬ সালের জানুয়ারি থেকে মার্চের মধ্যে বাণিজ্যিক ফ্লাইটে যুক্ত হওয়ার কথা রয়েছে। প্রাথমিকভাবে ব্যাংকক-সিঙ্গাপুর, ব্যাংকক-ফুকেট এবং ব্যাংকক-দিল্লি রুটে এটি পরিচালিত হবে।

থাই এয়ারওয়েজ কর্তৃপক্ষ নিশ্চিত করেছে, ২০২৬ সালের গ্রীষ্ম মৌসুমে এই নতুন এ৩২১নিও ঢাকাগামী ফ্লাইটে যুক্ত করা হবে। এর মাধ্যমে

দক্ষিণ এশিয়া ও আঞ্চলিক নেটওয়ার্কে আধুনিক ও প্রিমিয়াম ভ্রমণ অভিজ্ঞতা দেওয়ার প্রতিশ্রুতি আরও জোরালো হলো।

-B